ইত্তেফাক

তারিখ ১৫।২।৮১ ......
পৃষ্ঠা ...... কলাম ......



# প্রতি জেলায় খাল খনন তত্ত্বাবধানে মন্ত্রী নিয়োগ

বাসস জানায়, গতকাল (শনিবার) বঙ্গভবনে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক উচ্চ পর্যায়ের বৈঠকে সারা দেশে বর্তমান খাল খনন কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী. মন্ত্রী পরিষদের সদস্যগণ, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ উপস্থিত ছিলেন। খাল ৢ খনন কর্মসূচী বাস্তবায়নে জেলা প্রশাসনকে সহায়তা এবং খাল খনন কাজ তত্ত্বাবধানের জন্য প্রত্যেক জেলার জন্য একজন করিয়া মন্ত্রী নিয়োগ করা হইয়াছে।

প্রতিটি জেলায় ১৪০ মাইল দীর্ঘ অন্ততঃপক্ষে ৩০টি খাল খনন অথবা পুনঃখননেরও সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।